

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-২  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-৪৫.০০.০০০০.১৫৬.১১৬.০০৩.২০১৭-২৯০


তারিখঃ ০৯.০৭.২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ হজযাত্রীদের মেডিকেল প্রোফাইল ইলেকট্রনিক পদ্ধতিতে তৈরী সংক্রান্ত।**

সূত্র: ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর স্মারক নং ১৬.০০.০০০০.০০৩.১৮.০১২.২০১৬-৮১৭ তারিখ: ২৯/০৫/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে হজযাত্রীদের মেডিকেল প্রোফাইল ইলেকট্রনিক পদ্ধতিতে অনলাইনে পূরণের বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ প্রয়োজনীয় কারিগরী বিষয়টি নিশ্চিত করবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। ইলেকট্রনিক পদ্ধতিতে মেডিকেল প্রোফাইল তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য Business Automation Ltd. নামক প্রতিষ্ঠানকে দায়িত্ব প্রদান করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ইতোমধ্যে গত ২১/০৬/২০১৭ তারিখে স্বাস্থ্য মন্ত্রণালয়সহ স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে ট্রেনিং প্রদান করা হয়েছে। হজযাত্রীগণের অনলাইনে মেডিকেল প্রোফাইল তৈরির বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় বিধায় এ বিষয়ে জরুরী কার্যক্রম গ্রহণ করা আবশ্যিক।

২। এমতাবস্থায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত Business Automation Ltd. নামক প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে হজযাত্রীদের মেডিকেল প্রোফাইল তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
দিলিপ কুমার  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৯১৯২

মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা

**অনুলিপি :**

- ১। যুগ্মসচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। সিস্টেম এনালিস্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।সিস্টেম
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। যুগ্ম সচিব (স্বাস্থ্য ব্যবস্থাপনা ও মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।